সংবাদ

তারিখ 01 JAN 2006
পৃষ্ঠা ৪ কলাম ৭

# জাবিতে ছাত্রফ্রন্ট নেতাকর্মীদের ওপর ছাত্রদলের হামলা

প্রতিনিধি, জাবি

দেয়াল লিখনকে কেন্দ্র করে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্টের নেতাকর্মীদের ওপর সন্ত্রাসী হামলা চালিয়েছে ছাত্রদল ক্যাডাররা। গতকাল শনিবার দুপুরে এ হামলার ঘটনা ঘটে। এতে ছাত্রফ্রন্টের ৩ নেতা গুরুতর আহত হয়েছেন।

জানা গেছে, গত কয়েকদিন ধরে জাবি শাখা ছাত্রদল ক্যাম্পাসের বিভিন্ন স্থানে ছাত্রফ্রন্ট ও ছাত্র ইউনিয়নের দেয়াল লিখন মুছে ফেলে। গতকাল শনিবার ছাত্রফ্রন্ট আবার দেয়াল লিখন শুরু করে। দুপুর সাড়ে ১২টায় বিশ্ববিদ্যালয়ের বিএনসিসি বিল্ডিংয়ে ছাত্রফ্রন্ট সদস্যদের দেয়াল লিখনের সময় ছাত্রদল ক্যাডার নাহিদের নেতৃত্বে ২০/২৫ জন ক্যাডার হামলা চালায়। এ সময় তারা কিল, ঘুষি ও লাথি মেরে ছাত্রফ্রন্টের আহ্বায়ক শামীম পাটোয়ারী, সাধারণ সম্পাদক সৌমিত্র কুমার দাশ ও অঞ্জন কুমার দাশকে গুরুতর আহত করে। আহতদের বিশ্ববিদ্যালয় মেডিকেল সেন্টারে চিকিৎসা দেয়া হয়েছে।

সন্ত্রাসী হামলায় ছাত্রফ্রন্ট নেতাকর্মী আহত হওয়ার ঘটনাকে ন্যক্কারজনক উল্লেখ করে বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রফ্রন্ট ও ছাত্র ইউনিয়ন পৃথক বিবৃতিতে তীব্র নিন্দা জানিয়ে অবিলম্বে